

🗏 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫: ২৮

💵 আরবি মূল আয়াত:

وَ إِذْ قَالَ رَبُّكَ لِلمَلْئِكَةِ إِنِّى خَالِقٌ بَشَرًا مِّن صَلَصَالٍ مِّن حَمَاٍ مَّسنُونٍ ﴿ ٢٨﴾

আর স্মরণ কর, যখন তোমার রব ফেরেশতাদের বললেন, 'আমি একজন মানুষ সৃষ্টি করতে যাচ্ছি শুকনো ঠনঠনে কালচে মাটি থেকে'। — আল-বায়ান

স্মরণ কর যখন তোমার প্রতিপালক ফেরেশতাদেরকে বলেছিলেন, 'আমি কাল শুষ্ক ঠনঠনে মাটির কাদা থেকে মানুষ সৃষ্টি করছি। — তাইসিরুল

স্মরণ কর, যখন তোমার রাব্ব মালাইকা/ফেরেশতাদেরকে বললেনঃ আমি ছাঁচে ঢালা শুষ্ক ঠনঠনে মাটি হতে মানুষ সৃষ্টি করব। — মুজিবুর রহমান

And [mention, O Muhammad], when your Lord said to the angels, "I will create a human being out of clay from an altered black mud. — Sahih International

২৮. আর স্মরণ করুন, যখন আপনার রব ফেরেশতাদেরকে বললেন, নিশ্চয় আমি গন্ধযুক্ত কাদার শুষ্ক ঠনঠনে কালচে মাটি হতে মানুষ সৃষ্টি করতে যাচ্ছি;

তাফসীরে জাকারিয়া

(২৮) স্মরণ কর; যখন তোমার প্রতিপালক ফিরিশতাদেরকে বললেন, 'আমি কালো পচা শুষ্ক ঠনঠনে মাটি হতে মানুষ সৃষ্টি করব।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=1830



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন